

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাকওয়ার উপর প্রতিষ্ঠিত মসজিদ প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الْمَسْجِدِ الَّذِي أُسِّسَ علَى التَّقْوَى

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ، عَنْ أَنَيْسِ بْنِ أَبِي يَحْيَى، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ امْتَرَى رَجُلٌ مِنْ بَنِي خُدْرَةَ وَرَجُلٌ مِنْ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ فِي الْمَسْجِدِ النَّذِي أُسِّسَ عَلَى التَّقْوَى فَقَالَ الْخُدْرِيُّ هُوَ مَسْجِدُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . وَقَالَ الآخَرُ هُوَ مَسْجِدُ قُبَاءٍ . فَأَتَيَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي ذَلِكَ فَقَالَ " هُوَ وَقَالَ الآخَرُ هُو مَسْجِدُ قُبَاءٍ . فَأَتَيَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي ذَلِكَ فَقَالَ " هُو هَذَا يَعْنِي مَسْجِدَهُ وَفِي ذَلِكَ خَيْرٌ كَثِيرٌ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . هَذَا حَدَيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ حَدَّثَنَا أَبُو بَكْرٍ عَنْ عُلِيّ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ سَأَلْتُ يَحْيَى بْنَ سَعِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ أَبِي يَحْيَى الْأَسْلَمِيّ فَقَالَ لَمْ يَكُنْ بِهِ بَأْسٌ وَأَخُوهُ أُنْيْسُ بْنُ أَبِي يَحْيَى أَثْبُتُ مِنْهُ .

#### বাংলা

৩২৩. কুতায়বা (রহঃ) .... আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ বনূ খুদরার এক ব্যক্তি এবং বনূ আমর ইবনু আওফ গোত্রের এক ব্যক্তির তাকওয়ার উপর প্রতিষ্ঠিত মসজিদ সম্পর্কে বিতর্ক হয়। খুদরা গোত্রের লোকটি বললঃ এ হচ্ছে মসজিদে নববী। অপরজন বললঃ এ হচ্ছে কুবা মসজিদ। পরে তারা উভয়ই এ ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গেল। তখন তিনি বললেনঃ এটি হল এ-ই অর্থাৎ মসজিদে নববী। এতে রয়েছে প্রভূত কল্যাণ।\* - মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-সহীহ। আবূ বকর বর্ণনা করেন যে, আলী ইবনু আবদিল্লাহ বলেছেনঃ রাবী মুহাম্মাদ ইবনু আবী ইয়াহইয়া আসলামী সম্পর্কে আমি ইয়াহইয়া ইবনু সাঈদকে জিজ্ঞেস করেছিলাম। তিনি বলেছেনঃ তাঁর ব্যাপারে কোন অসুবিধা নেই। তাঁর ভ্রাতা উনায়স ইবনু আবী ইয়াহইয়া তাঁর তুলনায় অধিক শ্রুতিধর ও আস্থাভাজন।

## **English**



### Abu Sa'eed Al-Khudri narrated:

"A man from Banu Khudrah and a man from Banu Amr bin Awf were disputing about the Masjid that was founded upon Taqwa. The man from Banu Khudrah said: 'It is the Masjid of Allah's Messenger.' The other one said that it was Masjid Qub. So they went to ask Allah's Messenger about that. He said: 'It is this - meaning his Masjid - 'and in that one (Masjid Quba) there is much good.'"

### ফুটনোট

\* المطهّروا والله يحبّ "যে মসজিদের ভিত্তি প্রথম দিন থেকেই স্থাপিত হয়েছে তাকওয়ার উপর, সেটিই আপনার সালাতের জন্য অধিক যোগ্য। সেখানে এমন লোক আছে যারা পবিত্রতা অর্জন ভালবাসে। আর আল্লাহ পবিত্রতা অর্জনকারীদেরকে ভালবাসেন" (সূরা তওবা ৯:১০৮)। এই আয়াতটিতে উল্লেখিত মসজিদটি সম্পর্কে অধিকাংশ আলিম বলেন, এটি হল কুবা মসজিদ। এই কুবা পল্লীতেই হিজরতের পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম এসে উঠেছিলেন। কেউ কেউ বলেনঃ এটি হল মসজিদে নববী। তবে বিশেষজ্ঞগণ বলেন যে, উভয় মসজিদই এই আয়াতের মর্মের অন্তর্গত। কেননা উভয়টই তাকওয়ার উপর স্থাপিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন